গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা।
www.purbadhala.netrokona.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৮৩.০০০.১১.০০১.২৬.১৭ তারিখ: ১২ জানুয়ারি ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলাধীন ০৩নং ঘাগড়া, ০৬ নং পূর্বধলা, ০৭নং আগিয়া, ০৯ নং খলিশাউড়, ১০ নং নারান্দিয়া ও ১২ নং বৈরাটি ইউনিয়ন পরিষদে গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদের বিপরীতে গ্রাম পুলিশ নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে (স্ব স্ব ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পাশ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে)।

| ক্র: নং | পদের নাম | ইউনিয়নের নাম | ওয়ার্ড নং | পদের সংখ্যা | বেতন | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | মহল্লাদার | ০৩নং ঘাগড়া | ০৬ | ০১ টি | সরকার কর্তৃক নির্ধারিত (ইউপি অংশ ৩৭৫০+ সরকারি অংশ ৩৭৫০=৭৫০০/-) ও বিধি মোতাবেক যাতায়াত ভাতা। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | | ০৬ নং পূর্বধলা | ০৩ | ০১ টি | | |
| ০৩ | | ০৭ নং আগিয়া | ০৪ ও ০৯ | ০২ টি | | |
| ০৪ | | ০৯ নং খলিশাউড় | ০৮ | ০১ টি | | |
| ০৫ | | ১০ নং নারান্দিয়া | ০৫ | ০১ টি | | |
| ০৬ | | ১২ নং বৈরাটি | ০২ ,০৪ ও ০৫ | ০৩ টি | | |
| | | | মোট= | ০৯ টি | | |

### নিয়োগের শর্তাবলী

১. আবেদনপত্রে ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে) খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম ঘ) স্থায়ী ঠিকানা ঙ)বর্তমান ঠিকানা চ) জন্ম তারিখ ছ) বয়স জ) ভোটার আইডি নং ঝ) জাতীয়তা ঞ) ধর্ম ট) শিক্ষাগত যোগ্যতা ট) লিঙ্গ (পুরুষ/মহিলা) ঠ) শারিরীক যোগ্যতার পরিমাপ ড) অভিজ্ঞতা (যদি থাকে প্রমাণকসহ) ণ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ আবেদন করতে হবে

২. শারীরিক যোগ্যতা: পুরুষ প্রার্থীর ক্ষেত্রে : ক) সর্বনিম্ন উচ্চতা ০৫ ফুট ২ ইঞ্চি খ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি গ) বুকে মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) মহিলা প্রার্থীদের ক্ষেত্রে: ক) সর্বনিম্ন উচ্চতা ০৫ ফুট খ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি গ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)।

৩. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে: ক) প্রার্থীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি খ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি গ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

৪. আবেদন পত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণার অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য পে অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

৫. প্রার্থীর বয়স ১২ জানুয়ারি ২০২৬ তারিখে অবশ্যই ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬. মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল সনদপত্র দাখিল করতে হবে। উপযুক্ত সনদের কপি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৭. আবেদন আগামী ২৯ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে জমা দিতে হবে।

৮. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০ টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫/১০ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে। খামের উপর পদের নাম ও কোটা উল্লেখ করতে হবে।

১০. প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

Scanned with CamScanner

১১. আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ বিষয়ে কোন আপত্তি বা তদবির গ্রহণযোগ্য হবে না।

১২. চাকুরীর নিয়োগ লাভের পূর্বেই প্রার্থীকে পূর্ববর্তী জীবনের পুলিশি তদন্ত সাপেক্ষ চাকুরীর উপযুক্ততা বিবেচনা করা হবে।

১৩. কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কর্তৃপক্ষের নজরে আসা মাত্র কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগাদেশ বাতিল করা হবে।

১৪. পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১২/০১/২৬

(মোঃ আনিছুর রহমান খান)
উপজেলা নির্বাহী অফিসার
পূর্বধলা, নেত্রকোণা।

স্মারক নম্বর: ০৫.৪৫.৭২৮৩.০০০.১১.০০১.২৬.১৭ তারিখ: ১২ জানুয়ারি ২০২৬

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, নেত্রকোণা। উপপরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
২. প্রশাসক, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
৩. অফিসার ইনচার্জ, পূর্বধলা, নেত্রকোণা।
৪. উপজেলা ............................................ অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।
৫. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পূর্বধলা, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬. চেয়ারম্যান, .....................ইউনিয়ন পরিষদ(সকল), পূর্বধলা, নেত্রকোণা। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়নের নোটিশ বোর্ড, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ও ইউনিয়ন ওয়েব পোর্টালে আপলোডসহ ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭. অফিস কপি।

১২/০১/২৬

(মোঃ আনিছুর রহমান খান)
উপজেলা নির্বাহী অফিসার
পূর্বধলা, নেত্রকোণা।

Scanned with CamScanner